



তথ্যবিবরণী

নম্বর:৩১

## অনুষ্ঠিত হতে যাচ্ছে ময়মনসিংহ বিভাগীয় সাংস্কৃতিক উৎসব

আগামী ৯ সেপ্টেম্বর ২০২৩ শনিবার সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং বিভাগীয় কমিশনার কার্যালয়ের আয়োজনে শিল্পাচার্য জয়নাল আবেদীন পার্কের "বৈশাখী" মঞ্চে বিভাগীয় সাংস্কৃতিক উৎসব (আঞ্চলিক সংগীত) অনুষ্ঠিত হতে যাচ্ছে। সংস্কৃতি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় প্রথমবারের মত ১ম পর্যায়ের সারাদেশের ৫টি বিভাগ নিয়ে এ সাংস্কৃতিক উৎসবের আয়োজন করা হচ্ছে।

আজ বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর) বিভাগীয় কার্যালয়ের সম্মেলনক্ষেত্রে ময়মনসিংহ বিভাগীয় সাংস্কৃতিক উৎসব (আঞ্চলিক সংগীত) উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানানো হয়।

এ উপলক্ষ্যে আয়োজিতে আজকের প্রেস ব্রিফিংয়ে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। তিনি বলেন, ময়মনসিংহ হচ্ছে শিল্প-সংস্কৃতির নগরী। এজন্য সংস্কৃতির নগরীকে মর্যাদাপূর্ণ করতে হলে অন্যমাত্রায় নিতে হবে। ময়মনসিংহ গীতিকার কথা উল্লেখ করে বলেন, বিশ্বের বড় বড় বিশ্ববিদ্যালয়ে ময়মনসিংহ গীতিকা নিয়ে গবেষণা চলছে।

তিনি আরো বলেন, নিজেদের ঐতিহ্য ধরে রাখা এবং নতুন প্রজন্মকে নিজেদের সংস্কৃতির সাথে পরিচয়ের জন্য এসব সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রয়োজন। এই উৎসবের সফলতার জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সম্মানিত সাংবাদিকদের সার্বিক সহযোগিতার আহ্বান জানান তিনি।

আগামী ৯ তারিখ সাংস্কৃতিক উৎসবের প্রথম পর্বে বিকাল ৩টা ৩০ মিনিটে অনুষ্ঠানটি উদ্বোধন করবেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালেদ এমপি।

উৎসবের দ্বিতীয় পর্ব বিকাল ৪:১৫ মিনিট থেকে শুরু করে রাত ৮:৫০ মিনিট পর্যন্ত চলবে। বিভাগীয় চার জেলার (নেত্রকোনা, শেরপুর, জামালপুর ও ময়মনসিংহ) পক্ষ থেকে নিজ নিজ জেলার সাংস্কৃতিক দল তাদের ঐতিহ্যবাহী সংগীত, কবিতা, নাচ পরিবেশন করবেন। একই সাথে চার জেলা সাংস্কৃতিক দলের পরিবেশনের উপর ভিত্তি করে তাদেরকে পুরস্কার প্রদান করা হবে।

সাংস্কৃতিক উৎসবের সভাপতিত্ব করবেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। এছাড়াও উৎসবে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মোঃ ইকরামুল হক টিটু, মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, দেবদাস ভট্টাচার্য, বিপিএম, ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, মো: মোস্তাফিজার রহমান, জেলা প্রশাসক, ময়মনসিংহ, আব্দুল্লাহ আল খায়রুম, জেলা প্রশাসক, শেরপুর, শাহেদ পারভেজ, জেলা প্রশাসক, নেত্রকোনা, মোঃ ইমরান আহমেদ, জেলা প্রশাসক, জামালপুর, রাজীব কুমার সরকার, উপসচিব, সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়, মো: এহতেশামুল আলম, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, ময়মনসিংহ জেলা শাখা, অ্যাডভোকেট মোয়াজ্জেম হোসেন বাবুল, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, ময়মনসিংহ জেলা শাখা, মোহিত উর রহমান শান্ত, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, ময়মনসিংহ মহানগর শাখা।

#

রেজভী/দেওয়ান/রিদওয়ান/মনির/সজিব/২০২৩/১২:৪৩ ঘণ্টা